# হজ্জ, উমরা ও যিয়ারত গাইড

বিভাগ/অধ্যায়ঃ তাওয়াফ ও সাঈ : বিস্তারিত আলোচনা

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

জিলহজ্জ মাসের প্রথম দশকে নেক আমলের ফজিলত

ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ (ﷺ)বলেন, এমন কোনো দিবস নেই যার আমল জিলহজ্জ মাসের প্রথম দশ দিনের আমল থেকে আল্লাহর কাছে অধিক প্রিয় হবে। প্রশ্ন করা হল, হে আল্লাহর রাসূল! আল্লাহর পথে জিহাদ করা থেকেও কি অধিক প্রিয়? রাসূলুল্লাহ (ﷺ)বললেন, হাঁ জিহাদ করা থেকেও অধিক প্রিয় তবে যদি এমন হয় যে, ব্যক্তি তার জান-মাল নিয়ে আল্লাহর পথে বের হল এবং এর কোনো কিছুই ফেরত নিয়ে এল না।[1]

ইবনে রজব (রহ:) বলেছেন বুখারির এই হাদিস দ্বারা বুঝা যায়, নেক আমলের মৌসুম হিসেবে জিলহজ্জ মাসের প্রথম দশক হল সর্বোত্তম সময়, এ দিবসগুলোয় সম্পাদিত নেক আমল আল্লাহর কাছে অধিক প্রিয়। হাদিসের কোনো কোনো বর্ণনায় أحب (সর্বাধিক প্রিয়) শব্দ এসেছে আবার কোনো কোনো বর্ণনায় أفضل (সর্বোত্তম) শব্দ ব্যবহৃত হয়েছে।

অতএব এ সময়ে নেক আমল করা বছরের অন্য যে কোনো সময়ে নেক আমল করার থেকে বেশি মর্যাদা ও ফজিলতপূর্ণ। হজ্জ ও কুরবানির মত গুরুত্বপূর্ণ আমলসমূহ এ সময়েই সম্পন্ন করার বিধান রাখা হয়েছে।

## ফুটনোট

[1] ـ عن ابن عباس رضى الله عنهما أن النبى صلى الله عليه وسلم قال : (ما من أيام العمل الصالح فيها أحب إلى الله من هذه الأيام العشر) فقالوا يا رسول الله، ولا الجهاد في سبيل الله ؟ فقال رسول الله صلى الله عليه وسلم : (ولا الجهاد في سبيل الله إلا رجل خرج بنفسه وماله فلم يرجع من ذلك بشيء) رواه البخاري والترمذي واللفظ له

Source — https://www.hadithbd.com/books/link/?id=3507

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন